কুষ্টিয়ায় মেধা’র উদ্যোগে শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা সহায়তা প্রদান

কুষ্টিয়ায় মেধা’র ব্যবস্থাপনায় মেধার সহায়তা প্রাপ্ত স্কুল শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা সামগ্রী প্রদান করা হয়েছে।

রবিবার দুপুরে মেধা’র কার্যালয়ে ৫০ জন শিক্ষার্থীদের মাঝে এসব শিক্ষা উপকরণগুলো প্রদান করা হয়।

মেধা‘র সদস্য সচিব শামীম আহমেদের সভাপতিত্বে এসময় মেধা’র উপদেষ্টা কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের ইসলামের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. নবী নূর রহমান খান, ট্রেজারার মাহবুবুল আলম রতন, নির্বাহী সদস্য আব্দুল মান্নান বিদ্যৎ, মোহাম্মদ এহসান আনোয়ারসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার মেধা একটি বাস্তবমুখি সামাজিক সংগঠন উল্লেখ করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে মেধা’র উপদেষ্টা অধ্যাপক ড. নবী নূর রহমান খান বলেন-সমাজের প্রতি তোমাদের অনেক দায়িত্ব রয়েছে। উপযুক্ত মানুষ হিসেবে প্রতিষ্ঠিত হয়ে দেশ মাতৃকায় নিজেদের বিলিয়ে দিয়ে দেশের একজন সুনাগরিকের ভুমিকা পালন করবা তবেই আমাদের সকল প্রচেষ্টা সফল হবে।

প্রসঙ্গত, কুষ্টিয়ার মেধা একটি বাস্তবমুখি সামাজিক সংগঠন। এ সংগঠনের মাধ্যমে যে সব কর্মকান্ড পরিচালিত হয়ে আসছে তা জেলার শিক্ষা বিস্তারে ব্যাপক ভুমিকা রেখে যাচ্ছে। মেধার মাধ্যমে এ অঞ্চলের বিপুল সংখ্যক মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে উপকৃত হয়ে আসছে যা আমাদের দেশের জন্য অনুকরনীয় হয়ে থাকবে

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ

হোসেনের ব্যক্তিগত উদ্যোগে

শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের ব্যক্তিগত উদ্যোগে বাংলাদেশ যুব মহিলা লীগের আয়োজনে গরিব অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার বিকেলে কমিউনিটি সেন্টারে শীতবস্ত্র বিতরণ করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গরিব অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করেন।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে অন্যদের মাঝে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী ও বাংলাদেশ যুব মহিলা লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম।

এছাড়াও মেহেরপুর জেলা যুব মহিলা লীগের নেত্রীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের সুবিধপুরে মিয়া ভাই

এগ্রোর দুটি ট্রান্সফরমার

চুরি

মেহেরপুর সদর উপজেলার সুবিধপুরে মিয়া ভাই এগ্রো লিমিটেডের ২টি ট্রান্সফরমার চুরি হয়েছে।

শনিবার দিবাগত রাতের কোন এসময় সংঘবদ্ধ চোরের দল এ কাণ্ড ঘটিয়েছে।

মিয়া ভাই এগ্রো লিমিটেডের পরিচালনা পরিষদের সদস্য কামাল হোসেন

জানান, রবিবার সকালে আমাদের ফার্মের পাশের ডিপ টিউবয়েল চালক ফোন দিয়ে জানান ফার্মের ট্রান্সফরমার চুরির কথা। খবর পেয়ে গিয়ে দেখি তিনটি ট্রান্সফরমারের মধ্যে দুটি ট্রান্স ফরমার নামিয়ে ভেঙে ভিতরের যন্ত্রাংশ ও তার চুরি করে নিয়ে গেছে এবং ট্রান্সফরমারের খোলস ভেঙে ফেলে গেছে। ট্রান্সফরমার দুটি ১৫ কিলোওয়াট করে ৩০ কিলোওয়াট। যার আনুমানিক মূল্য দেড় লাখ টাকা।

মেহেরপুর সদর থানার ওসি তদন্ত শেখ মইনুল ইসলাম জানান, এ বিষয়ে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

আখেরি মোনাজাতের মাধ্যমে শেষ হলো ইজতেমার প্রথম পর্ব

তুরাগ নদের তীরে কাঙ্খিত আখেরি মোনাজাতের মাধ্যমে শেষ হলো ইজতেমার প্রথম পর্ব। আখেরি মোনাজাতে অংশ নেন লাখো মুসল্লি।

রোববার সকাল ১০টার দিকে আখেরি মোনাজাত শুরু হয়। প্রায় ২০ মিনিটের মোনাজাতের মধ্য দিয়ে বিশ্ব ইজতেমার প্রথম পর্বের সমাপ্তি ঘটে।

বাদ ফজর বাংলাদেশের মাওলানা রবিউল হকের বয়ানের মধ্য দিয়ে আজ ইজতেমা ময়দানের কার্যক্রম শুরু হয়।

কাঙ্খিত আখেরি মোনাজাত পরিচালনা করেন কাকরাইল জামে মসজিদের খতিব হাফেজ মাওলানা মুহাম্মদ জুবায়ের।

সমগ্র বিশ্বের মুসলমানদের নিরাপত্তা, ঐক্য, মুক্তি এবং ইহ ও পারলৌকিক কল্যাণ কামনা করে আল্লাহর কাছে কাকুতি মিনতি জানানো হয়।

এদিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের টঙ্গী, চেরাগ আলী, টঙ্গী-কালীগঞ্জ সড়কের আমতলী কেরানিরটেক, টঙ্গী-কামারপাড়া রোডসহ চারপাশের অলিগলি, বহুতল ভবন, ভবনের ছাদ, ময়দানের চারপাশে হুগলা-পাটি বিছিয়ে অবস্থান নিয়েছেন। ইতোমধ্যে ময়দানের চারপাশে নির্মিত

বহুতল টয়লেটগুলোতে আগে থেকেই মুসল্লিরা অবস্থান নিয়ে মোনাজাতে অংশ নেন।

প্রসঙ্গত, তাবলিগ জামাতের বিরোধের কারণে এবারও বিশ্ব ইজতেমা দুই পর্বে অনুষ্ঠিত হচ্ছে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মাওলানা জুবায়েরের অনুসারীরা আখেরি মোনাজাতের মাধ্যমে ইজতেমার প্রথম পর্ব শেষ করেন রোববার। আর দিল্লির মাওলানা সাদ কান্ধলভীর অনুসারীরা ইজতেমা পালন করবেন জানুয়ারির ২০, ২১ ও ২২ তারিখে।

সূত্র: যুগান্তর

মেহেরপুরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের উদ্যোগে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সন্ধ্যায় জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃধা মুজাহিদুল ইসলাম, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, প্রাক্তন শিক্ষক সিরাজুল ইসলাম, জেলা সাহিত্য পরিষদের সভাপতি নুরুল ইসলাম। অনুষ্ঠানে জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

মাস্টার, আনরুল ইসলাম, মতিয়ার রহমান, মহাসিন আলী, নাসির উদ্দীন, আলাউদ্দীন।

উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা সন্তানদের মধ্যে মঞ্জুরুল হক, নাজিম উদ্দীন, মোহাম্মদ আলী, রবিউর ইসলাম। তারা আরও বলেন এ দাবি আদায় না হলে বৃহত্তরভাবে আন্দোলন গড়ে তুলা হবে।

অনুষ্ঠান পরিচালনা করেন মুক্তিযোদ্ধা সন্তান লিটন।

আলমডাঙ্গায় ছোট ভাইয়ের সঙ্গে দ্বন্দ্ব, অভিমানে আত্ম*হত্যা

আলমডাঙ্গা উপজেলার জোড়গাছায় লিজা খাতুন (১৩) নামে এক স্কুলছাত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল শুক্রবার রাত সাড়ে ১২ টার দিকে ঘোলদাড়ি পুলিশ ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থলে পৌছে মরদেহ উদ্দার করে।

ঘোলদাড়ি পুলিশ ক্যাম্পের সহকারি উপ-পরিদর্শক (এএসআই) নাজির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন।

লিজা খাতুন আলমডাঙ্গা উপজেলার নাগদহ ইউনিয়নের জোড়গাছা গ্রামের উত্তরপাড়ার লিটন আলীর মেয়ে। সে ঘোলদাড়ি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৭ম শ্রেণীর ছাত্রী ছিল।

পুলিশ জানায়, মোবাইলে গেমস খেলা নিয়ে ছোট ভাইয়ের সঙ্গে লিজার দ্বন্দ্ব হয়। এতে দুই ভাই-বোনের মধ্যে মনোমালিন্যের সৃষ্টি হয়। এরই জের ধরে গতকাল রাত ১১ টার দিকে সকলের অগচরে শয়ন কক্ষের সিলিং ফ্যানে ওড়না বেধে গলায় ফাঁস দেয় লিজা খাতুন। পরে পুলিশ ঘটনাস্থল পৌছে মরদেহ উদ্ধার করে।

স্থানীয় ইউপি সদস্য শাহ জামাল বলেন, মাস দুয়েক আগে লিজা খাতুনের মাকে ডিভোর্স দেন তার বাবা। এরপর থেকেই দুই ভাই বোন দাদির কাছে থাকে। ধারণা করা হচ্ছে এই কারণেই মেয়েটা আত্মহত্যা করেছে। তবে প্রকৃত ঘটনা পুলিশের তদন্তের পর জানা যাবে।

ঘোলদাড়ি পুলিশ ক্যাম্পের সহকারি উপ-পরিদর্শক (এএসআই) নাজির উদ্দিন বলেন, ছোটভাইয়ের সঙ্গে মোবাইলে গেম খেলা নিয়ে গণ্ডগোল হয়েছিল লিজার। অভিমানেই সে আত্মহত্যা করেছে বলে প্রাথমিকভাবে জেনেছি।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, লিজা নামে এক স্কুলছাত্রী আত্মহত্যা করেছে বলে জেনেছি। ঘটনাস্থলে পুলিশের একটি দল পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ আটক ১

কোটচাঁদপুরে ডিবি পুলিশ অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ আটক করেছেন মাদক কারবারি রাকিবুল ইসলাম কে। গতকাল শুক্রবার তারিখে পৌরসভাধীন নওদা গ্রাম সড়ক থেকে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা শাখার পুলিশ পরিদর্শক (ওসি) মোঃ শাহিন উদ্দিন জানান, ডিবি পুলিশের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালান কোটচাঁদপুর থানাধীন নাওদাগ্রাম,বলাবাড়িয়াগামী রাস্তায়। এ সময় পাশে সোলেমান পোদ্দারের আম বাগানের সামনে থেকে মাদক ব্যবসায়ী রাকিবুল ইসলাম (২২) কে আটক করা হয়। উদ্ধার করা হয় ২০ বোতল ফেন্সিডল। রাকিবুল ইসলাম পৌরসভার সলেমানপুর গ্রামের মৃধা পাড়ার আবেদুল ইসলামের ছেলে।

এ বিষয়ে কোটচাঁদপুর মডেল থানার ডিউটিরত উপ-পরিদর্শক (এসআই) সাজ্জাদ হোসেন জানান, জেলা গোয়েন্দা পুলিশ রাকিবুল ইসলাম নামের এক মাদক কারবারিকে আটক করে থানায় দিয়ে গেছেন। তাঁর বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

আজ শনিবার রাকিবুল ইসলাম কে ঝিনাইদহ আদালতে পাঠানো হয়েছে। মামলা নম্বর ৩/২৩।

গাংনীতে ডা. নাজমুল হক সাগরের গণসংযোগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা তুলে ধরতে মেহেরপুরের গাংনীতে গণসংযোগ করেছেন ডা. এএসএম নাজমুল হক সাগর।

শনিবার বিকেলে গাংনী পৌর এলাকায় তিনি এ গণসংযোগ করেন। এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী,গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক জীবন আকবর,মটমুড়া ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল, সাবেক ছাত্রনেতা সরওয়ার বাবু,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তরিকুল ইসলাম উজ্জ্বল, যুগ্ম-সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম,সহ-সম্পাদক নয়ন আলী,মটমুড়া ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহারুল ইসলাম, ছাত্রলীগ নেতা কনিক, শ্রমিক লীগ নেতা পলাশ,হাফিজুর, মতিসহ আরো অনেকে।

গণসংযোগ কালে ডা. সাগর বলেন,জননেত্রী শেখ হাসিনা সরকারের বহুমুখী উন্নয়ন জনগণের মাঝে তুলে ধরেন এবং আগামী নির্বাচনে আবারো আওয়ামী লীগ সরকারকে জয়ী করতে জনগণকে আহবান জানান।আওয়ামী লীগ সরকারের উন্নয়ন ধরে রাখতে তিনি গাংনীর আপামর জনসাধারণকে সাথে নিয়ে মাঠে থাকার প্রতিশ্রুতি দেন। গাংনীর সকল শ্রেণী পেশার মানুষ আগামী নির্বাচনে আমাকে নৌকার কান্ডারী হিসেবে দেখতে চান এবং আমার নেতৃত্বে গাংনীর উন্নয়ন ঘটাতে ঐক্যবদ্ধ হন।

দর্শনায় বিট পুলিশিং ও মুক্ত

সমাজ গড়ার লক্ষে উঠান বৈঠক

দর্শনা পৌর এলাকায় মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ, নারী নিযার্তন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবনতা প্রতিরোধ ও বাল্যবিবাহ মুক্ত সমাজ গড়ার লক্ষে জনসতেনতা মুলোক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকাল ৪টায় দর্শনা থানার ৩নং বিট পুলিশিং আয়োজনে ৯নং ওয়ার্ডের দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর বড় মসজিদের চৌমোনিতে বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়ি। প্রতিপাদ্য বিষয় নিয়ে গ্রামবাসীর সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌরসভার ৯নং ওয়ার্ড কমিশনার আশুর উদ্দিন আশুর সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে উপস্হিত থেকে আলোচনা করেন দর্শনা থানার ওসি তদন্ত এস এম আমানউল্লা আমান,তার বক্তব্যে বলেন, তিনি এলাকার জন সাধারণের সেবা করার প্রতিশ্রুতি দিয়ে বলেন, মাদক, সন্ত্রাস,জঙ্গিবাদ, নারী নিযার্তন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবনতা প্রতিরোধ ও বাল্যবিবাহ মুক্ত সমাজ করতে আমিসহ আমার পুলিশ বাহিনী কাজ করে যাচ্ছে। সেই সাথে গ্রামবাসী যদি আমাদের সহযোগিতা করেন, তাহলে দ্রুত সমাজ থেকে মাদক ও সন্ত্রাসসহ সকল অপকর্ম দুর হবে।

এছাড়া উপস্থিত সকলকে তাদের ছেলে-মেয়েদের নৈতিক শিক্ষা দিয়ে মানুষের মত মানুষ গড়ে তুলার পরামর্শ দেন এবং তিনি আরো বলেন, মেয়ে সংসারের বোঝা নয় তাদের লেখাপড়া করিয়ে সম্পদ করে গড়ে তুলতে হবে।

এছাড়া অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ৩নং বিট পুলিশিং দায়িক্তভার এস আই টিপু সুলতান,এ এস আই শরিফুল ইসলাম,এ এস আই ইকবাল হাসান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন,ঈশ্বরচন্দ্রপুর গ্রামের সমাজ সেবক আজিজুল হক প্রমুখ।আরও উপস্থিত ছিলেন গ্রামের গণ্যমান্য ব্যাক্তিবর্গ।